

কোভিড-১৯ লকডাউনের পর মজলিস খোদামুল আহমদীয়ার প্রথম সশরীর অনুষ্ঠানে আহমদীয়া মুসলিম জামা'তের প্রধান-এর উপস্থিতিতে আশিসমণ্ডিত ও আনন্দময় একটি দিন



**‘Mercy4Mankind Charity Challenge MKA Games 2021’-এ হুযূর আকদাসের অংশগ্রহণ**

৪ জুলাই ২০২১, আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান, পঞ্চম খলীফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) মজলিস খোদামুল আহমদীয়া যুক্তরাজ্য আয়োজিত ‘Mercy4Mankind Charity Challenge MKA Games 2021’-এ অংশগ্রহণ করেন।

কোভিড-১৯-এর কারণে সামাজিক সমাবেশে নিষেধাজ্ঞা শুরুর পর মজলিস খোদামুল আহমদীয়া আয়োজিত এটিই প্রথম আনুষ্ঠানিক আয়োজন যেখানে সদস্যগণ সশরীরে উপস্থিত হন এবং অনুষ্ঠান চলাকালে সরকারি নির্দেশনা কঠোরভাবে পালন করা হয়েছিল। ইসলামাবাদ, টিলফোর্ড সংলগ্ন ওয়েভারলি অ্যাবি চার্চ অব ইংল্যান্ড জুনিয়র স্কুলে এটি অনুষ্ঠিত হয়।

হুযূর আকদাস অনুষ্ঠানটিতে উপস্থিত ছিলেন এবং কিছু প্রতিযোগিতার ফাইনাল যেমন সাইকেল রেস এবং মজলিস খোদামুল আহমদীয়ার রিজিওনাল কয়েদগণ এবং জাতীয় আমেলার সদস্যদের মধ্যে একটি বিশেষ দড়ি টানাটানির প্রদর্শনী ম্যাচ উপভোগ করেন।

উপস্থিত তরুণদের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ উপলক্ষ ছিল কেননা ২০২০ সালের শুরুতে কোভিড-১৯ এর নিষেধাজ্ঞা কার্যকর হওয়ার পর প্রথমবারের মতো তারা সশরীরে তাদের আধ্যাত্মিক পিতার সঙ্গ লাভের সুযোগ পেলেন।





এই অনুষ্ঠান মজলিস খোদ্দামুল আহমদীয়ার ২৬০ জন সদস্যকে একত্রিত করেছিল যারা বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠানের জন্য তহবিল সংগ্রহের জন্য ধীরগতির সাইকেল চালনা, ক্রিকেট এবং টিম আর্কিটেক্টের মতো অসংখ্য খেলায় অংশ নেন। অনুষ্ঠানটির মাধ্যমে সেবামূলক কাজের জন্য ২৩,০০০ পাউন্ড সংগৃহীত হয়।

হৃয়ূর আকদাসের নেতৃত্বে দোয়ার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

